**বিষয়ঃ ইনোভেশন টিম “সংক্রান্ত সভার কার্যবিবরণী।”**

| | | |
|---|---|---|
| চীফ ইনোভেশন অফিসার | : | জনাব মোঃ হাবিবুর রহমান নির্বাহী পরিচালক (অর্থ) |
| সভার তারিখ ও সময় | : | ১৩-০২-২০১৯খ্রিঃ বেলাঃ ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | কনফারেন্স রুম |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট “ক” |

সভার প্রারম্ভে চীফ ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার সভার শুরুতে ইনোভেশন এর গুরুত্ব সর্ম্পকে আলোকপাত করেন।

০২। অতঃপর সভাপতি সদস্য-সচিবকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতে সদস্য-সচিব গত ২৭-০১-২০১৯খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন ও সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সদস্য-সচিব সভায় বিএসসির ইনোভেশন প্রকল্পের আওতায় গৃহীত ২য় প্রকল্পটি “জাহাজ ষ্টোর ব্যবস্থাপনা ও মেরামত সংক্রান্ত সেবা সহজীকরন” নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে প্রকল্পটির অগ্রগতির বিষয়ে চীফ ইনোভেশন অফিসার মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত) এর নিকট হতে জানতে চান। মহাব্যবস্থাপক (জাঃ মেঃ) জানান, জাহাজ ষ্টোর ব্যবস্থাপনা ও মেরামত সংক্রান্ত সেবা সহজীকরণ প্রকল্পের কাজ যথারীতি চলছে। আশা করা যায় যে, খুব অল্প সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন সম্ভব হবে। এই প্রকল্পের অগ্রগতি সময়ে সময়ে চীফ ইনোভেশন অফিসার মহোদয়কে অবহিত করা হবে।

০৪। চীফ ইনোভেশন অফিসার মহোদয় “বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মেরিন ওয়ার্কশপের শ্রমিক কর্মচারীদের উপস্থিতি ব্যবস্থাপনা এবং অধিকাল ভাতা প্রদান সহজীকরণ” প্রকল্প বিষয়ে মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ)এর নিকট অগ্রগতি জানতে চাইলে এ বিষয়ে বিভিন্ন সাপ্লাইয়ারদের সাথে আলোচনা ও পর্যালোচনা করে প্রকিউরমেন্টের কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। খুব অল্প সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়িত হবে মর্মে আশা করা যায়। প্রকল্প বাস্তবায়নে সহযোগীতা প্রদান এর জন্য চীফ ইনোভেশন অফিসার সকলকে আহবান জানান।

০৫। ইনোভেশন সাব কমিটি প্রতিটি ইনোভেশন কাজের সাথে নিজেদের সম্পৃক্ত করে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন সহযোগীতা প্রদানের জন্য চীফ ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (অর্থ) নির্দেশনা প্রদান করেন।

০৬। এছাড়া ই-নথিতে অফিসিয়াল কার্যক্রমে বিএসসি নৌপরিবহন মন্ত্রণালয়ে পুনরায় প্রথম অবস্থান অর্জন করায় সভার মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি ইউনিকোড ব্যবহার করে সকল বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করার পরামর্শও প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় চীফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান)
নির্বাহী পরিচালক (অর্থ)
ও
চীফ ইনোভেশন অফিসার

বিতরণঃ ইনোভেশন টিম, সাব টিম, মেন্টরবৃন্দ এবং “জাহাজ মালামাল সরবরাহের সেবা সহজীকরণ” প্রকল্পের সংশ্লিষ্ট সকল সদস্য।

অনুলিপিঃ
০১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। নিঃপঃ (অর্থ/বাণিজ্য/প্রযুক্তি), বিএসসি, চট্টগ্রাম।
০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।

# বিষয়ঃ ইনোভেশন টিম "সংক্রান্ত সভার কার্যবিবরণী।"

| | | |
|---|---|---|
| চীফ ইনোভেশন অফিসার | : | জনাব মোঃ হাবিবুর রহমান নির্বাহী পরিচালক (অর্থ) |
| সভার তারিখ ও সময় | : | ২৭-০১-২০১৯খ্রিঃ বেলাঃ ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | কনফারেন্স রুম |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে চীফ ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার সভার শুরুতে ইনোভেশন এর গুরুত্ব সর্ম্পকে আলোকপাত করেন।

০২। অতঃপর সভাপতি সদস্য-সচিবকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতে সদস্য-সচিব গত ২০-১২-২০১৮খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন ও সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সদস্য-সচিব সভায় বিএসসির ইনোভেশন প্রকল্পের আওতায় গৃহীত ২য় প্রকল্পটি "জাহাজ ষ্টোর ব্যবস্থাপনা ও মেরামত সংক্রান্ত সেবা সহজীকরন"গত ০৫-০২-২০১৮খ্রিঃ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি সভায় সকলকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার মহোদয় মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত)-কে ধন্যবাদ জানান এবং প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত প্রকিউরমেন্টের কার্যক্রম নির্ধারিত সময়ে শেষ করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে মঃব্যঃ(জা:মে:) সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে জাহাজ মেরামত বিভাগ প্রকল্পটি নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করছে। পাশাপাশি সাপ্লাইয়ার পয়েন্টে প্রকল্পটি নিয়ে আলোচনা চলছে। আশা করা যায় যে, প্রকল্পটি এই অর্থ বছরে যথাযথভাবে সমাপ্ত করা সম্ভব হবে।

০৪। চীফ ইনোভেশন অফিসার মহোদয় "বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মেরিন ওয়ার্কশপের শ্রমিক কর্মচারীদের উপস্থিতি ব্যবস্থাপনা এবং অধিকাল ভাতা প্রদান সহজীকরণ" প্রকল্প বিষয়ে মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ)এর নিকট অগ্রগতি জানতে চান। এ বিষয়ে মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ) জানান যে, প্রকল্পের অনুমোদন যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে গত ০৪-১২-২০১৮খ্রিঃ তারিখে গ্রহণ করা হয়েছে। সাপ্লাইয়ারদের সাথে এ বিষয়ে আলোচনা ও পর্যালোচনা চলছে। যথাসময়ে মধ্যে প্রকল্পটি বাস্তবায়িত হবে। প্রকল্প বাস্তবায়নে সহযোগীতা প্রদান এর জন্য চীফ ইনোভেশন অফিসার সকলকে আহবান জানান।

০৫। ইনোভেশন সাব কমিটি প্রতিটি ইনোভেশন কাজের সাথে নিজেদের সম্পৃক্ত করে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন সহযোগীতা প্রদানের জন্য চীফ ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (অর্থ) নির্দেশনা প্রদান করেন।

০৬। এছাড়া ই-নথিতে অফিসিয়াল কার্যক্রম ৫০% নিষ্পত্তি করার নির্দেশনা থাকায় সকলকে ই-নথি ব্যবহারের পরামর্শ প্রদান করেন পাশাপাশি ইউনিকোড ব্যবহার করে সকল বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করার পরামর্শও প্রদান করেন। বিএসসিকে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রথম অবস্থানে উন্নীত করতে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক সকলকে স্ব স্ব ডেস্কে ই-নথির কার্যক্রম বৃদ্ধির নির্দেশনা প্রদান করায় তা নিঃপঃ(অর্থ) বর্ণিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নে সকলকে পরামর্শ প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় চীফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১/১৯

(মোঃ হাবিবুর রহমান)
নির্বাহী পরিচালক (অর্থ)
ও
চীফ ইনোভেশন অফিসার

বিতরণঃ ইনোভেশন টিম, সাব টিম, মেন্টরবৃন্দ এবং "জাহাজ মালামাল সরবরাহের সেবা সহজীকরণ" প্রকল্পের সংশ্লিষ্ট সকল সদস্য।

অনুলিপিঃ

০১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। নিঃপঃ (অর্থ/বাণিজ্য/প্রযুক্তি), বিএসসি, চট্টগ্রাম।

০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।